# এইচ এস সি পরীক্ষা ২০২০ এর মডেল প্রশ্ন (সকল বোর্ড এর জন্য)

## ব্যবসায় সংগঠন ও ব্যবস্থাপনা: দ্বিতীয় পত্র

বিষয় কোড : | ২ | ৭ | ৮ |

সময়— ২ ঘণ্টা ৩০ মিনিট সৃজনশীল প্রশ্ন পূর্ণমান— ৭০

[দ্রষ্টব্য : ডান পাশের সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। প্রদত্ত উদ্দীপকগুলো মনোযোগ সহকারে পড়ো এবং সংশ্লিষ্ট প্রশ্নের উত্তর দাও। যে কোনো সাতটি প্রশ্নের উত্তর দিতে হবে।]

১. ▶




ক. বিকেন্দ্রীকরণ কী? ১

খ. ব্যবস্থাপনা কী একটি পেশা? ব্যাখ্যা করো। ২

গ. উদ্দীপকের 'খ' উল্লিখিত স্থানে ব্যবস্থাপনার কোন কাজ রয়েছে? তা ব্যাখ্যা করো। ৩

ঘ. উদ্দীপকের উল্লিখিত 'ক' চক্রের সবচেয়ে গুরুত্বপূর্ণ। বক্তব্যটি বিশ্লেষণ করো। ৪

২. ▶ আলভা লি. একটি রপ্তানিমুখী সিরামিক কারখানা। তাদের প্রতিষ্ঠানের কর্মীরা একই সময়ে ভিন্ন ভিন্ন কর্মকর্তার আদেশ পালন করতে গিয়ে সমস্যার সম্মুখীন হচ্ছে। এছাড়া ঊর্ধ্বতন কর্মকর্তাদের কর্মভার বেশি হওয়ায় সিদ্ধান্ত গ্রহণের সময়ক্ষেপণ হচ্ছে।

ক. টেলি কনফারেন্স কী? ১

খ. নিয়ন্ত্রণকে পরবর্তী পরিকল্পনার ভিত্তি বলা হয় কেন? ব্যাখ্যা করো। ২

গ. প্রতিষ্ঠানের কর্মীদের ভিন্ন ভিন্ন কর্মকর্তার আদেশ পালন ব্যবস্থাপনায় কোন নীতির লঙ্ঘণ? ব্যাখ্যা করো। ৩

ঘ. উল্লিখিত পরিস্থিতিতে ঊর্ধ্বতন ব্যবস্থাপকদের করণীয় কী? তোমার মতামত দাও। ৪

৩. ▶ জনাব করিম একটি পোশাক শিল্পের ব্যবস্থাপনা পরিচালক। তিনি ২০১৩ সালের ডিসেম্বরে ২০১৪ সালের উৎপাদন লক্ষ্যমাত্রা নির্ধারণ করেন এবং সফলতাও পান। তাই ২০১৪ সালের ডিসেম্বরে ২০১৫ এবং ২০১৬ সালের উৎপাদন লক্ষ্যমাত্রা নির্ধারণ করেন। কিন্তু তদারকিজনিত সমস্যার কারণে ঐ বছরগুলোতে লক্ষ্যমাত্রা অর্জিত হয়নি।

https://teachingbd24.com

ক. সামগ্রিক পরিকল্পনা কী? ১

খ. লক্ষ্য বলতে কী বোঝায়? ব্যাখ্যা করো। ২

গ. জনাব করিম ২০১৩ সালে যে পরিকল্পনা প্রণয়ন করেন তা কোন ধরনের পরিকল্পনা? ব্যাখ্যা করো। ৩

ঘ. ব্যবস্থাপনার কোন প্রক্রিয়ার উপর জোর দেয়নি বলে জনাব করিমের পরের বছরের পরিকল্পনা সফল হয়নি বলে তুমি মনে করো? উত্তরের সপক্ষে যুক্তি দাও। ৪

৪. ▶




ক. ম্যাট্রিক্স সংগঠন কী? ১

খ. প্রেষণার সাথে কর্মীর মনোবলের সম্পর্ক কী? ব্যাখ্যা করো। ২

গ. উপরের চিত্রে উল্লিখিত সংগঠনটি কোন ধরনের? বর্ণনা করো। ৩

ঘ. চিত্রে উল্লিখিত সংগঠনটি ক্ষুদ্র ও মাঝারি আকারের প্রতিষ্ঠানের উপযুক্ততা পেলেও বৃহদায়তন প্রতিষ্ঠানের ক্ষেত্রে উপযোগী নয়– বিশ্লেষণ করো। ৪

৫. ▶ জনাব মাসুদ উদ্দীন চৌধুরী 'কোডেক' এনজিও প্রতিষ্ঠানের মানবসম্পদ ব্যবস্থাপক। তিনি প্রতিষ্ঠানের নিচের স্তরে মাঠকর্মী ও সুপারভাইজার নিয়োগের ক্ষেত্রে পত্রিকায় বিজ্ঞপ্তি প্রদান করেন। তবে প্রতিষ্ঠানের মধ্য ও উচ্চ পর্যায়ের নির্বাহী নিয়োগে তিনি প্রতিষ্ঠানে কর্মরত কর্মীদের প্রাধান্য দেন। এক্ষেত্রে কারও বয়স ও চাকরিকাল বিবেচনা করতে তিনি নারাজ।

ক. সংগঠন কী? ১

খ. পদোন্নতি ও পদাবনতির মধ্যে কোন ধরনের সম্পর্ক বিদ্যমান? ব্যাখ্যা করো। ২

গ. উদ্দীপকে মাসুদ উদ্দীন চৌধুরী 'কোডেক' এনজিওতে কর্মী সংগ্রহের ক্ষেত্রে কোন উৎস ব্যবহার করেন? তা ব্যাখ্যা করো। ৩

https://teachingbd24.com

ঘ. উদ্দীপকে মাসুদ উদ্দীন চৌধুরী পদোন্নতি প্রদানের ক্ষেত্রে যে পদ্ধতি ব্যবহার করেন তার যথার্থতা বিশ্লেষণ করো। ৪

৬.▶মি. শামীম তার প্রতিষ্ঠানের কর্মচারীদের আদেশ-নির্দেশ প্রদানের পূর্বে বাস্তবায়নকারী কর্মকর্তা-কর্মচারীদের সাথে পরামর্শ করে বিভিন্ন সিদ্ধান্ত প্রদান করে থাকেন। এতে তার প্রতিষ্ঠানটি শতভাগ লক্ষ্যমাত্রা অর্জন করে থাকে। অপরদিকে মি. জসিম সবসময় কর্মচারীরা যা বলে বা যেভাবে পরামর্শ দেয় ও কাজ করতে চায় সেভাবে তাদের কাজ করতে দেন। সিদ্ধান্তের ব্যাপারে তিনি থাকেন নির্লিপ্ত। এতে লক্ষ্যমাত্রা অর্জনে সবসময় তার প্রতিষ্ঠান পিছিয়ে থাকে।

ক. নেতৃত্ব কী? ১

খ. "নির্দেশনা সর্বদাই নিচের দিকে প্রবাহিত হয়"— ব্যাখ্যা করো। ২

গ. মি. জসীম-এর প্রতিষ্ঠানের নির্দেশনার ধরন কী? ব্যাখ্যা করো। ৩

ঘ. মি. জসীম-এর নির্দেশনার ধরনের চেয়ে মি. শামীম-এর ধরন উত্তম— তোমার মতামত দাও। ৪

teachingbd24.com

৭.▶ মি. শিবলু বি. এস গ্রুপের উৎপাদন ব্যবস্থাপক হিসেবে নিয়োগপ্রাপ্ত হন। তার প্রতিষ্ঠানের কর্মীদের ভাল বেতন, চাকরি নিরাপত্তা ও সুষ্ঠু কার্যপরিবেশ নিশ্চিত করা সত্ত্বেও তাঁর মনে হয় কর্মীরা সন্তুষ্ট নন। তিনি কর্মীদের সাথে আলোচনা করে জানতে পারলেন যে, প্রতিষ্ঠানের সৃজনশীলতাকে উৎসাহিত করা হয় না, সফলতার স্বীকৃতি এবং ব্যক্তিক উন্নয়নের বিশেষ সুযোগ নেই। তিনি বিষয়টিকে খুব গুরুত্বের সাথে বিবেচনা করছেন।

ক. চাহিদা সোপান তত্ত্বের প্রবর্তক কে? ১

খ. প্রেষণা চক্র বলতে কী বোঝায়? ব্যাখ্যা করো। ২

গ. উদ্দীপকে প্রেষণার কোন তত্ত্বের কথা বলা হয়েছে? ব্যাখ্যা করো। ৩

ঘ. উদ্দীপকে কর্মীদের প্রেষিত না হওয়ার কারণটি মি. শিবলুর গুরুত্বের সাথে বিবেচনা করার যৌক্তিকতা বিশ্লেষণ করো। ৪

৮.▶মি. ইকবাল যোগাযোগে ইলেকট্রনিক প্রযুক্তিকে সবসময় অগ্রাধিকার দেন। তিনি তার বিভিন্ন ব্যবসায়িক পক্ষগুলোর সাথে ইন্টারনেট প্রযুক্তির সাহায্যে নিজস্ব ওয়েব ঠিকানা ব্যবহার করে তথ্য আদান-প্রদান করেন। ইদানীং তিনি পণ্য আমদানি করার সিদ্ধান্ত নিয়েছেন। পণ্য আমদানিতে তিনি তার ওয়েব ঠিকানা Ikbal 2015@gmail.com ব্যবহার করে সকল কাজ সম্পাদন করতে চান।

ক. বৈজ্ঞানিক ব্যবস্থাপনার জনক কে? ১

খ. "পরিকল্পনা সর্বদাই ভবিষ্যৎমুখী"— ব্যাখ্যা করো। ২

গ. উদ্দীপকে ব্যবহৃত ইলেকট্রনিক যোগাযোগ পদ্ধতিটি ব্যাখ্যা করো। ৩

ঘ. তুমি কি মনে করো, মি. ইকবাল তার পছন্দমতো যোগাযোগ মাধ্যমে ব্যবহার করে আমদানি প্রক্রিয়া সম্পন্ন করতে পারবে? যুক্তিসহ মতামত দাও। ৪

**৯.** ▶ মি. অসীমের প্রতিষ্ঠানে সংগঠন কাঠামোতে কিছু অস্পষ্টতা থাকায় কোন কাজ কে করবে তা নিয়ে সমস্যা দেখা দেয়। কর্মীরা কে কার কাছ থেকে নির্দেশনা নিবে তা অস্পষ্ট। এতে প্রতিষ্ঠানে প্রতিনিয়ত বিশৃঙ্খলা সৃষ্টি হচ্ছে। তিনি তাঁর বন্ধুর প্রতিষ্ঠানে খোঁজ নিয়ে দেখলেন সেখানে এ ধরনের সমস্যা নাই। কোনো সমস্যা হলে তারা একে অন্যের সাথে যোগাযোগ করে তা সমাধান করছে। এ নিয়ে ঊর্ধ্বতনকে তারা বিরক্ত করেন না।

ক. ই-মেইল কী? ১

খ. সমন্বয়ে ভারসাম্যের নীতি বলতে কী বোঝ? ২

গ. মি. অসীম সমন্বয়ের কোন নীতি অনুসরণ করেনি? ব্যাখ্যা করো। ৩

ঘ. 'প্রত্যক্ষ যোগাযোগ নীতি অনুসৃত হওয়ায় বন্ধুর প্রতিষ্ঠানে কোনো সমস্যা সৃষ্টি হয়নি'— তুমি কি একমত? যুক্তি দাও। ৪

**১০.** ▶

| | | | |
|---|---|---|---|
| ১. কার্যফল পরিমাপ | ২. আদর্শমানের সাথে সম্পাদিত কাজের তুলনা | ৩. বিচ্যুতি নিরূপণ ও মূল্যায়ন | ৪. সংশোধনমূলক ব্যবস্থা গ্রহণ। |

ক. বাজেট কী? ১

খ. নির্দেশনাকে প্রশাসনের হৃদপিন্ড বলা হয় কেন? ২

গ. উপরের রেখাচিত্রটি ব্যবস্থাপনা প্রক্রিয়ার কোন কাজের সাথে সংগঠিতপূর্ণ বলে মনে হয়? ব্যাখ্যা করো। ৩

ঘ. "উপরের রেখাচিত্রটি অসম্পূর্ণ এবং সে কারণেই অকার্যকর" — এ উক্তিটির যথার্থতা তোমার পাঠ্য বইয়ের আলোকে মূল্যায়ন করো। ৪

**১১.** ▶ "প্যারাগন কোম্পানি লি." ৬ মাসের প্রশিক্ষণ প্রদানের পর প্রতিষ্ঠানেই কমপক্ষে ৫ বছর চাকরির শর্তে কিছু কর্মী নিয়োগ দেয়। অপরদিকে প্রতিষ্ঠানের ব্যবস্থাপকদের মান উন্নয়নে লক্ষ্যে পূর্বনির্ধারিত আলোচনার মাধ্যমে প্রশ্নোত্তর প্রক্রিয়ায় সমস্যা সমাধান করার প্রশিক্ষণ পদ্ধতি চালু করে।

ক. পদ আবর্তন কী? ১

খ. কর্মী সংস্থান বলতে কী বোঝায়? ব্যাখ্যা করো। ২

গ. "প্যারাগন কোম্পানি লি." এর কর্মীদের প্রশিক্ষণ পদ্ধতি কীরূপ ছিল? ব্যাখ্যা করো। ৩

ঘ. উদ্দীপকে উল্লেখিত প্রতিষ্ঠানটি ব্যবস্থাপকদের জন্য যে প্রশিক্ষণ পদ্ধতি চালু করেছে তা কী যথার্থ? তোমার মতামত তুলে ধরো। ৪

https://teachingbd24.com

## ব্যবসায় সংগঠন ও ব্যবস্থাপনা-দ্বিতীয় পত্র: বহুনির্বাচনি অভীক্ষা

সময়— ৩০ মিনিট   পূর্ণমান— ৩০   বিষয় কোড : ২ ৭ ৮

*[বিশেষ দ্রষ্টব্য : সরবরাহকৃত বহুনির্বাচনি অভীক্ষার উত্তরপত্রে প্রশ্নের ক্রমিক নম্বরের বিপরীতে প্রদত্ত বর্ণসম্বলিত বৃত্তসমূহ হতে সঠিক/সর্বোৎকৃষ্ট উত্তরের বৃত্তটি বল পয়েন্ট কলম দ্বারা সম্পূর্ণ ভরাট করো। প্রতিটি প্রশ্নের মান ১।]*

১. ব্যবস্থাপনা সব সময় কোন ধরনের?
ⓚ লক্ষ্যকেন্দ্রিক  ⓚ কর্মকেন্দ্রিক

(ক) লক্ষ্যকেন্দ্রিক  (খ) কর্মকেন্দ্রিক
(গ) ব্যাপ্তি কেন্দ্রিক  (ঘ) ব্যবসায় কেন্দ্রিক

২. Code of Hummurabi রচিত হয়েছিল কোন সভ্যতাকালে?
(ক) মিশরীয়  (খ) ব্যাবিলনীয়
(গ) গ্রিক  (ঘ) রোমান

৩. ব্যাবাসায় ব্যবস্থাপনার দুইটি মুখ্য উদ্দেশ্য হলো—
i. মুনাফা অর্জন
ii. পণ্যের চাহিদা বৃদ্ধি
iii. অস্তিত্ব রক্ষা ও উন্নয়ন
নিচের কোনটি সঠিক?
(ক) i ও ii  (খ) i ও iii
(গ) ii ও iii  (ঘ) i, ii ও iii

**উদ্দীপকটি পড়ো এবং ৪ ও ৫ নং প্রশ্নের উত্তর দাও।**

ব্যবস্থাপনার কাজগুলো ধারাবাহিকভাবে সম্পাদিত হয় এবং হতেই থাকে। প্রতিষ্ঠান যতদিন চলে ততদিন এ প্রক্রিয়া চলতে থাকে, যা একটা চক্রের প্রতীক। ব্যবস্থাপনা ছাড়া কোন প্রতিষ্ঠান বালির ওপর নির্মিত গৃহের মতো যা যেকোনো উদ্দেশ্য অর্জনে ব্যর্থ হতে পারে।

৪. দক্ষ ব্যবস্থাপনা ছাড়া কোনো প্রতিষ্ঠানকে বালির ওপর নির্মিত গৃহের সাথে তুলনা করেছেন। এর কারণ হলো—
(ক) উপকরণাদির কার্যকর ব্যবহার করা হয় না
(খ) অপচয় বৃদ্ধি পায়
(গ) প্রতিষ্ঠানের কাজে বিশৃঙ্খলা সৃষ্টি হয়
(ঘ) কোনটিই নয়

৫. উদ্দীপকের প্রক্রিয়ার কথা বলা হয়েছে। প্রক্রিয়া বলতে কী বোঝায়?
i. কতিপয় কাজের সমষ্টি
ii. কাজগুলো পরস্পর নির্ভরশীল
iii. কাজগুলো ধারাবাহিকভাবে সম্পাদিত হয়
নিচের কোনটি সঠিক?
(ক) i ও ii  (খ) i ও iii
(গ) ii ও iii  (ঘ) i, ii ও iii

৬. সিদ্ধান্ত গ্রহণের ক্ষমতা প্রতিষ্ঠানের উচ্চ পর্যায়ে অর্পণ করাকে কী বলে?
(ক) কেন্দ্রীকরণ  (খ) বিকেন্দ্রীকরণ
(গ) কার্যবিভাজন  (ঘ) দায়িত্ব অর্জন

৭. নিম্ন ও মধ্যম পর্যায়ের ব্যবস্থাপকের বেশি প্রয়োজন—
i. মানসিক শ্রম
ii. শারীরিক শ্রম
iii. মানবীয় দক্ষতা
নিচের কোনটি সঠিক?
(ক) i ও ii  (খ) i ও iii
(গ) ii ও iii  (ঘ) i, ii ও iii

৮. পদ্মা সেতু তৈরি কোন ধরনের পরিকল্পনার মধ্যে পড়ে?
(ক) স্ট্র্যাটেজি  (খ) কার্যগত
(গ) কর্মকেন্দ্রিক  (ঘ) একার্থক

৯. লক্ষ্যের অন্তর্ভুক্ত বিষয় হলো—
i. মিশন
ii. সীমারেখা
iii. বাজেট
নিচের কোনটি সঠিক?
(ক) i ও ii  (খ) i ও iii
(গ) ii ও iii  (ঘ) i, ii ও iii

১০. একার্থক পরকল্পনাকে নিচের কোন দুইটি ভাগে ভাগ করা যায়?
(ক) কর্মসূচি ও কৌশল  (খ) প্রকল্প ও কৌশল
(গ) কর্মসূচি ও পদ্ধতি  (ঘ) কর্মসূচি ও প্রকল্প

১১. আনুষ্ঠানিক সংগঠন কত প্রকার?
(ক) ২  (খ) ৩
(গ) ৪  (ঘ) ৫

১২. সংগঠন প্রক্রিয়ার প্রথম পদক্ষেপ হলো—
(ক) পারস্পারিক সম্পর্ক স্থাপন
(খ) দায়িত্ব ও কর্তৃত্ব অর্জন
(গ) দায়িত্ব ও কর্তৃত্ব সংজ্ঞায়িতকরণ
(ঘ) কার্যাদি শনাক্তকরণ ও শ্রেণিবন্ধকরণ

১৩. কোনো বিশেষ কার্যসম্পাদনের লক্ষ্যে কতিপয় বিশেষজ্ঞ ব্যক্তির সমন্বয়ে যে দল গঠন করা হয় তাকে কী বলে?
(ক) পদস্থকর্মী  (খ) নির্বাহী
(গ) সংগঠন  (ঘ) কমিটি

১৪. একটি সংগঠন চার্ট থেকে জানা যায়—
i. বিভিন্ন বিভাগের সংখ্যা
ii. কর্তৃত্ব প্রবাহ চিত্র
iii. প্রতিটা কর্মীর দায়িত্ব ও কর্তৃত্ব
নিচের কোনটি সঠিক?
(ক) i ও ii  (খ) i ও iii
(গ) ii ও iii  (ঘ) i, ii ও iii

১৫. 'বিশ্বস্ত সূত্রে কর্মী সংগ্রহ' কোন উৎসের মধ্যে পড়ে?
(ক) বাহ্যিক উৎস  (খ) অভ্যন্তরীণ উৎস
(গ) বিদেশি উৎস  (ঘ) শ্রমিক সংঘ

Teachingbd24.com

১৬. 'আকিজ গ্রুপ' তাদের কর্পোরেট অফিসে কর্মীদের প্রশিক্ষণ দিতে চায়। কোন ধরনের পদ্ধতি তাদের জন্য অধিক কার্যকর হবে?
ক) প্রবেশনা খ) আলোচনা
গ) পর্যবেক্ষণ ঘ) ঘটনা

**উদ্দীপকটি পড়ো এবং ১৭ ও ১৮ নং প্রশ্নের উত্তর দাও।**

রাজিব ও সজিব একই পর্যায়ের যোগ্যতাসম্পন্ন ব্যক্তি। তারা একই পদে এবং একই প্রতিষ্ঠানে যথাক্রমে ১০/০৪/২০১৩ এবং ১০-০৬-২০১৩ তারিখে যোগদান করেন। উক্ত প্রতিষ্ঠানে একটি পদ শূন্য হওয়ায় রাজিবকে পদোন্নতি দেওয়া হয় এবং প্রশিক্ষণের জন্য একজন উর্ধ্বতন কর্মকর্তার তত্ত্বাবধানে ন্যস্ত করা হয়।

১৭. রাজিবের দক্ষতা বৃদ্ধির জন্য কী ধরনের প্রশিক্ষণ দেয়া হচ্ছে?
ক) অধিবেশন খ) পর্যবেক্ষণ
গ) ঘটনা পদ্ধতি ঘ) পদাবর্তন

১৮. উদ্দীপকের রাজিবকে পদোন্নতি দেয়া হয়েছে
i. জ্যেষ্ঠত্বের ভিত্তিতে ii. যোগ্যতার ভিত্তিতে
iii. সুপারিশের ভিত্তিতে
নিচের কোনটি সঠিক?
ক) i ও ii খ) i ও iii
গ) ii ও iii ঘ) i, ii ও iii

১৯. ক্ষমতা প্রয়োগের ভিত্তিতে নেতৃত্বের ধরন নিচের কোনটি?
ক) ইতিবাচক নেতৃত্বে
খ) নেতিবাচক নেতৃত্বে
গ) স্বৈরতান্ত্রিক নেতৃত্বে
ঘ) ব্যক্তিগত নেতৃত্বে

২০. উত্তম নির্দেশনার বৈশিষ্ট্য হলো—
i. যৌক্তিকতা
ii. স্পষ্টতা
iii. নমনীয়তা
নিচের কোনটি সঠিক?
ক) i ও ii খ) i ও iii
গ) ii ও iii ঘ) i, ii ও iii

২১. নিচের কোনটি প্রেষণার ভিত্তি?
ক) মানুষের অভাব খ) মানুষের সম্পদ
গ) মানুষের মন ঘ) মানুষের আচরণ

২২. সাংগঠনিক নিয়মনীতি অনুসরণ করে যে যোগাযোগ সংঘটিত হয় তাকে কোন যোগাযোগ বলে?
ক) অভ্যন্তরীণ খ) বাহ্যিক
গ) আনুষ্ঠানিক ঘ) নিম্নগামী

২৩. ক্ষুদে বার্তা সেবার জন্য নিচের কোন পদ্ধতি ব্যবহৃত হয়?
ক) ফ্যাক্স খ) টেলেক্স
গ) কম্পিউটার ঘ) মোবাইল ফোন

২৪. সমন্বয়সাধনের প্রধান উদ্দেশ্য কোনটি?
ক) ঐক্য স্থাপন খ) ব্যয় হ্রাস
গ) সময় নিয়ন্ত্রণ ঘ) নীতি বাস্তবায়ন

২৫. সমন্বয়ের ফলে কোনটি বৃদ্ধি পায়?
ক) সাফল্য খ) ক্রমোন্নতি
গ) কার্যসন্তুষ্টি ঘ) পদোন্নতি

২৬. বিভিন্ন সরবরাহকারী সরকার ও এজেন্সির সাথে সমন্বয় করাকে কোন ধরনের সমন্বয় বলে?
ক) অভ্যন্তরীণ খ) উর্ধ্বগামী
গ) বাহ্যিক ঘ) নিম্নগামী

২৭. কোন নিয়ন্ত্রণ পদ্ধতিতে প্রাক্কলিত বাজেটের সাথে বাস্তব ব্যয়ের তুলনা করা হয়?
ক) পর্যবেক্ষণ পদ্ধতি
খ) মজুদমাল নিয়ন্ত্রণ
গ) বাজেটারি নিয়ন্ত্রণ
ঘ) কর্মদক্ষতা মূল্যায়ন

২৮. কোনটি নিয়ন্ত্রণের পদক্ষেপ নয়?
ক) লক্ষ্য নির্ধারণ
খ) বিমাকরণ
গ) বাস্তব কাজের পরিমাণ
ঘ) সংশোধনীমূলক ব্যবস্থা

**উদ্দীপকটি পড়ো এবং ২৯ ও ৩০ নং প্রশ্নের উত্তর দাও।**

অর্ণব একটি কোম্পানির ব্যবস্থাপনা পরিচালক। তিনি তার প্রতিষ্ঠানের জন্য এমন একটি নিয়ন্ত্রণ কৌশল অবলম্বন করেন, যার মাধ্যমে কার্যসম্পাদনের প্রকৃত ফলাফলের সাথে বাজেটের তুলনামূলক বিশ্লেষণ, ব্যবধান নির্ণয়করণ এবং প্রয়োজনীয় সংশোধনমূলক ব্যবস্থা গ্রহণ করতে পারেন।

২৯. অর্ণব নিয়ন্ত্রণের ক্ষেত্রে কোন কৌশল অবলম্বন করেন?
ক) ব্যক্তিগত পর্যবেক্ষণ
খ) বাজেটীয় নিয়ন্ত্রণ
গ) অভ্যন্তরীণ নিরীক্ষা
ঘ) পার্ট পদ্ধতি

৩০. অর্ণব তার অনুসৃত নিয়ন্ত্রণ কৌশল থেকে যেসব সুবিধা ভোগ করেন তা হলো—
i. সমস্যা সম্পর্কে পূর্বেই সচেতন হতে পারেন
ii. অপচয় হ্রাস করতে পারেন
iii. বিনিয়োগের ওপর প্রাপ্তি নিশ্চিত হয়
নিচের কোনটি সঠিক?
ক) i ও ii খ) i ও iii
গ) ii ও iii ঘ) i, ii ও iii

| | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| ১ | ক | ২ | খ | ৩ | খ | ৪ | ক | ৫ | ঘ | ৬ | ক | ৭ | গ | ৮ | ঘ | ৯ | ঘ | ১০ | ঘ | ১১ | ঘ | ১২ | ঘ | ১৩ | ঘ | ১৪ | ঘ | ১৫ | খ |
| ১৬ | খ | ১৭ | খ | ১৮ | ক | ১৯ | গ | ২০ | ঘ | ২১ | ক | ২২ | গ | ২৩ | ঘ | ২৪ | ক | ২৫ | ক | ২৬ | গ | ২৭ | গ | ২৮ | খ | ২৯ | খ | ৩০ | ঘ |

Teachingbd24.com